

একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ অধিশাখা
www.hsd.gov.bd



নং-৪৫.০০.০০০০.১৭১.৯৯.০১৫.২০-১১২

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪২৭
২১ মে ২০২০

প্রজ্ঞাপন

সারাদেশে COVID-19 এর প্রাদুর্ভাব হতে গার্মেন্টস কারখানাসহ অন্যান্য সকল শিল্প কারখানার শ্রমিক/কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে নিরাপদ রাখতে বিভিন্ন গার্মেন্টস/শিল্প কারখানায় অনুসরণীয় স্বাস্থ্যবিধি (Guide line) গত ২৯/০৪/২০২০ খ্রি: তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ হতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

দেশের বিভিন্ন জেলায় অবস্থিত গার্মেন্টস/শিল্প কারখানাসমূহের মধ্যে কোথাও কোথাও স্বাস্থ্যবিধি (গাইড লাইন) অনুসরণ করা হচ্ছে। তবে অনেক ক্ষেত্রেই এর ব্যত্যয় গোচরীভূত হচ্ছে। জেলা পর্যায়ে অবস্থিত গার্মেন্টস/শিল্প কারখানায় স্বাস্থ্যবিধি অনুসরণ কার্যক্রম তদারকি, প্রয়োজনীয় সহযোগিতা এবং এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে এতদ্বারা নির্দেশক্রমে নিম্নরূপ জেলা কমিটি গঠন করা হলো।

| | | |
|----|---|------------|
| ১। | জেলা প্রশাসক | সভাপতি |
| ২। | পুলিশ সুপার (প্রযোজ্য ক্ষেত্রে শিল্প পুলিশের পুলিশ সুপার) | সদস্য |
| ৩। | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট সংসদীয় এলাকার মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি | সদস্য |
| ৫। | সংশ্লিষ্ট মেয়র/প্রতিনিধি | সদস্য |
| ৬। | বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমইএ এর প্রতিনিধি | সদস্য |
| ৭। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট স্থানীয় প্রতিনিধি | সদস্য |
| ৮। | সিভিল সার্জন | সদস্য-সচিব |

কার্যপরিধি:

- কমিটি/কমিটির সদস্যবৃন্দ/প্রতিনিধিবৃন্দ নিয়মিত গার্মেন্টস/শিল্প কারখানা পরিদর্শন করবেন।
- স্বাস্থ্যবিধি প্রতিপালনে কমিটি সংশ্লিষ্ট গার্মেন্টস/শিল্প কারখানাকে প্রয়োজনীয় সহযোগিতা করবে।
- সংশ্লিষ্ট গার্মেন্টস/শিল্প কারখানার কেউ COVID-19 এ আক্রান্ত সন্দেহ হলে প্রতিষ্ঠানের পক্ষ হতে ঐ ব্যক্তির পরীক্ষার ব্যবস্থা করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- আক্রান্তের ক্ষেত্রে রোগীকে আইসোলেশনে প্রেরণ ও হাসপাতালে ভর্তির কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান গ্রহণ করছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব (জনস্বাস্থ্য) জনাব নিলুফার নাজনীন উল্লিখিত তথ্য সংগ্রহে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন (nilufernazneen@gmail.com)। কমিটির সদস্য-সচিবগণ এ বিষয়ে ই-মেইলের মাধ্যমে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করবেন।


(মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন-৯৫১১০৭২
Email: hsdph1@gmail.com

অ: প: দ্র:

নং-৪৫.০০.০০০০.১৭১.৯৯.০১৫.২০-১১২/১(১৮)

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪২৭
২১ মে ২০২০

অনুলিপি: সদয় অবগতি/ কার্যার্থে

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। আইজিপি, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৭। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
- ৮। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল/জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। বিভাগীয় কমিশনার (সকল).....
- ১৩। সভাপতি/ মহাসচিব, বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমইএ (জেলাভিত্তিক প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল).....
- ১৫। জেলা প্রশাসক (সকল).....
- ১৬। পুলিশ সুপার (সকল),.....
- ১৭। সিভিল সার্জন (সকল),.....
- ১৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের অনুরোধসহ)।